গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০ (৬০৬) তারিখ - ২৩/০৪/৯৭ ইং
১০-০১-১৪০৪ বাং

বিষয় ঃ বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ,মাদ্রাসা ) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা ।

সরকার সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করিয়াছেন এবং বেসরকারী উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করিতেছেন । দেশের চাহিদার নিরিখে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা সংক্রান্ত প্রচলিত নীতিমালা অধিকতর স্বচ্ছ ও যুগোপযোগী করিবার প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় সরকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে অনুসরণীয় নিম্ন বর্ণিত নীতিমালা প্রণয়ন করিয়াছেন ।

২। বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান সমুহকে উৎসাহিত করিবার অভিপ্রায়ে সরকার জাতীয় বাজেটে সংস্থান সাপেক্ষে বিভিন্ন প্রকার উন্নয়ন কর্মসূচীভুক্তি ও অনুদান প্রদান করিয়া থাকেন । লক্ষ্য করা গিয়াছে যে, এতদসংক্রান্ত সরকারী নীতি ও নির্দেশাবলী সম্পর্কে প্রতিষ্ঠাতাগণ পূর্বাহ্ণে সম্যক ধারণা না থাকায় সরকারের পক্ষে এই সকল প্রতিষ্ঠানকে যথাসময়ে স্বীকৃতি প্রদানসহ শিক্ষক কর্মচারীদের বেতন ভাতার সরকারী অংশের মন্জুরী ও উন্নয়ন কর্মসূচীভুক্তির উদ্যোগ লইতে নানা জটিলতার সম্মুখিন হইতে হয় । ফলে উদ্যোক্তাগণসহ কর্মরত শিক্ষকদের মধ্যে হতাশা ও অনিশ্চয়তা সৃষ্টি হয় । অপরিকলিপত ভাবে প্রতিষ্ঠিত বিদ্যালয়ে শিক্ষার পরিবেশে বিঘ্নিত হইয়া শিক্ষার্থীদের মূল্যবান সময়ের অপচয় হয় ।

৩। উপরোক্ত অবস্থা নিরসনকল্পে ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারী এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ ( ১৯৬১ সনের ৩৩ নম্বর আইন ) এর ৩৯ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ( স্কুল, কলেজ, মাদ্রাসা ) স্বীকৃতি প্রদান ও নবায়ণের জন্য প্রণীতব্য প্রবিধানমালা জারী সাপেক্ষে স্থানীয় উদ্যোক্তা, নিয়োজিত শিক্ষক, অধ্যয়নরত ছাত্র, ছাত্রীসহ সংশ্লিষ্ট সকলের সুবিধার্থে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের সিদ্ধান্ত লইয়াছেন ।

৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা, চালু ওস্বীকৃতি প্রদানের নীতিমালা ঃ

(১) একটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ কিংবা মাদ্রাসা ) স্থাপন করিবার পূর্বে উদ্যোক্তাগণকে প্রথমেই ৫০ টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পের উপর পরিশিষ্ট-১ এ ( যেই প্রতিষ্ঠানের জন্য যাহা প্রযোজ্য ) বর্ণিত নূন্যতম চাহিদা ও শর্ত পূরণ করিবার অংগীকার প্রদান করিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক উপ-পরিচালকের নিকট, মাধ্যমিকসহ মহাবিদ্যালয় এবং মাদ্রাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট আনুষঙ্গিক কাগজপত্রসহ আবেদন করিতে হইবে । তারিখ উল্লেখ করিয়া আবেদনের প্রাপ্তি স্বীকার করা হইবে । নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতির জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমতি আবশ্যক হইবে ।

(২) আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপ-পরিচালক কিংবা সংশ্লিষ্ট বোর্ড সর্বোচ্চ ৪ (চার) মাস সময়ের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানের স্থান সরেজমিনে পরিদর্শন করিয়া সংশ্লিষ্ট আনুষংগিক কাগজ ও রেকর্ড পত্র পর্যালোচনাপূর্বক বিদ্যালয় চালু করিবার প্রাথমিক অনুমতি প্রদান অথবা প্রত্যাখান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহন করিয়া সংশ্লিষ্ট উদ্যোক্তাগণকে লিখিতভাবে অবহিত করিবেন । নির্ধারিত চার মাসের মধ্যে সিদ্ধান্ত জানাইতে ব্যর্থ কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে ।

(৩) এই প্রাথমিক অনুমতি ব্যাতিরেকে কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা যাইবে না ।

(৪) অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে প্রথম পর্যায়ে (তিন) বছর মেয়াদে পাঠদানের অনুমতি প্রদান করা হইবে। এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলিয়া গণ্য করা যাইবে না। এই মেয়াদকালে কর্তৃপক্ষের পর্যবেক্ষণে থাকিয়া শিক্ষার প্রত্যাশিত মান অর্জনের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে নিম্নোক্ত শর্ত পূরণ করিতে হইবে ঃ

(ক) স্বীকৃতি প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানকে কমপক্ষে একবার সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করাইতে হইবে।

(খ) এসএসসি অথবা এইচ এস সি কিংবা আলীম বা দাখিল পর্যায়ে ( যেখানে যাহা প্রযোজ্য ) অধ্যায়নরত শিক্ষার্থীর নূন্যতম ৭৫%কে পাবলিক পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে এবং অংশগ্রহণকারী পরীক্ষার্থীর নূন্যতম ৫০% পাশ করিতে হইবে।

(গ) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে জুনিয়র বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ১০(দশ)জন শিক্ষার্থীকে অংশ গ্রহণ করিতে হইবে এবং ৭০% উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।

(৫) ৩বছর মেয়াদী প্রাথমিক অনুমতির মেয়াদ শেষে বৃত্তি পরীক্ষার ফলাফল, বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণীকক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ( শিক্ষা সমাপনী চক্রের হার ) প্রভৃতি বিবেচনা করিয়া দ্বিতীয় মেয়াদে ৫ পাঁচ ) বৎসরের জন্য স্বীকৃতি প্রদান করা হইবে এবং একই প্রক্রিয়ায় মূল্যায়নের পরে সাফল্যজনক ভাবে দ্বিতীয় পর্বের স্বীকৃতির মেয়াদ শেষে স্থায়ী স্বীকৃতি প্রদান করা হইবে। তবে শর্ত থাকিবে যে, স্বীকৃতি প্রদানের ফলে শুধু মাত্র স্বীকৃতি ব্যাতিরেকে শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়ন প্রকল্প ভূক্তি অথবা আর্থিক অনুদান অথবা বেতনের সরকারী অংশ প্রদানের দায়ভার সরকারের উপর বর্তাইবেনা। ইহা ছাড়া শর্ত থাকিবে যে, অস্থায়ী স্বীকৃতি প্রদানের ৫( পাঁচ) বছরের মধ্যে প্রশিক্ষণ বিহীন শিক্ষক/ শিক্ষিকাগণকে অবশ্যই পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(৬) স্বীকৃতি প্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য পুরণীয় শর্ত পালন করিয়া নবম শ্রেণী খুলিবার অনুমতি চাহিতে পারিবে। একই ভাবে স্বীকৃতি প্রাপ্ত দাখিল মাদ্রাসা ও আলীম মাদ্রাসা হিসাবে প্রতিষ্ঠার জন্য পুরণীয় শর্ত পালন করিয়া নুতন শ্রেণী খুলিবার অনুমতি চাহিতে পারিবে।

(৭) স্বীকৃতি পাওয়ার পর, অস্থায়ী স্বীকৃতির মেয়াদ অতিক্রমকালে অথবা স্থায়ী স্বীকৃতি প্রাপ্তির পরে যে কোন পর্যায়ে প্রযোজ্য শর্তের ব্যাত্যয় ঘটিলে সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি স্থগিত কিংবা স্বীকৃতি প্রত্যাহার করিতে পারিবেন।

৫। ইতোপূর্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত কোন নির্দেশের সাথে এই পরিপত্রের অথবা পরিশিষ্ট-১ এর বক্তব্যের কোন অসংগতি পরিলক্ষিত হইলে, সেইক্ষেত্রে এই পরিপত্রের/ পরিশিষ্টের নির্দেশ বলবৎ হইবে এবং পূর্বের নির্দেশটি বাতিল হইয়াছে বলিয়া পরিগণিত হইবে।

৬। এখন হইতে বর্ণিত এই নীতিমালার আলোকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ, মাদ্রাসা ) সমূহের স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হইল।

সংযুক্ত ঃ পরিশিষ্ট -১ (৩ পাতা)

স্বাক্ষরিত/-
(আবদুল্লা হারুন পাশা)
সচিব।

বিতরণ ঃ

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর / কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/চট্রগ্রাম/ যশোর/রাজশাহী।
৩। চেয়ারম্যান, কারিগরী শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
৬। জেলা প্রশাসক.............................( সকল )।
৭। উপ-পচিলক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল..............................( সকল )।

৮। জেলা শিক্ষা অফিসার.......................................(সকল)।
৯। থানা নির্বাহী অফিসার .......................................(সকল)।

নংঃ শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০(৬০৬)(৪১)

তারিখঃ ২৩/৪/৯৭ইং
১০-০১-১৪০৪ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহনের জন্য অনুলিপি ঃ

১। শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত শিক্ষা সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন/ মাধ্যমিক /বিশ্ববিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রধান (পরিকলপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপ-সচিব (প্রশাসন ও শৃংখলা/অডিট, বাজেট, সমন্বয় ও সংসদ/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরী ও মাদ্রাসা/বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালা, ঢাকা।
৭। উপ-প্রধান (পরিকলপনা -১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১২/১৩/১৪/১৫/১৬, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিনিয়র তথ্য অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী প্রধান, ১/২, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। গবেষণা কর্মকর্তা, ১/২/৩/৪, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

স্বাক্ষরিত/-
(এস এম এবাদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৮৬৩৬৪-৪৯/৩৯৮৮

নং ১৪৩৭/১৫০-ম

তারিখঃ১৯/৫/৯৭ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল ঃ

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/যশোর/রাজশাহী
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৩। পরিচালক, কলেজ ও প্রশাসন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা/ ~~পরিচালক(মাধ্যমিক), অত্র অধিদ~~
৪। জেলা প্রশাসক,
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
৬। জেলা শিক্ষা অফিসার,
৭। সংরক্ষণ নথি।

(সালেহা খাতন) ১৯/৫/৯৭
সহকারী পরিচালক (মা-২)
পক্ষে/ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত নূন্যতম চাহিদা/শর্ত পূরণ আবশ্যক হইবেঃ

| ক্রমিক নং | পুরনীয় শর্ত | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | মাধ্যমিক (৯ম ১০ম) দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | মহাবিদ্যালয় (১১শ-১২শ) আলীম মাদ্রাসা (১ম-১২শ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানের নূন্যতম দুরত্ব | ১ কিঃ মিঃ (পৌর ও শিল্প এলাকা) ৩ কিঃ মিঃ (মফস্বল এলাকা) | ১ কিঃ মিঃ পৌর ও শিল্প এলাকা) ৪ কিঃ মিঃ (মফস্বল এলাকা) | ২ কিঃ মিঃ (পৌর ও শিল্প এলাকা) ৬ কিঃ মিঃ (মফস্বল এলাকা) | যোগাযোগ ব্যবস্থা, প্রাকৃতিক বাধা এবং মেট্রোপলিটন এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিথিলযোগ্য। |
| ২। | প্রতিষ্ঠান এলাকার নূন্যতম জনসংখ্যা | ৮০০০/- (আট হাজার) | ১০,০০০/- (দশ হাজার) | ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) | আবেদনে যে এলাকার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রস্তাব করা হইয়াছে সেই এলাকার বর্ণনা দিতে হইবে। |
| ৩। | নূন্যতম শিক্ষার্থী সংখ্যা | | | | |
| | ক) সাধারণ শিক্ষা | | | | |
| | ১। সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠান | ২০০ জন (শহর এলাকা) ১৫০ জন (মফস্বল এলাকা) | ১৩০ জন্য (শহর এলাকা) ১০০ জন (মফস্বল এলাকা) | ২৫০ জন (শহর এলাকা) ২০০ জন্য (মফস্বল এলাকা) | প্রতি শ্রেণীতে সাধারণ এবং মাদ্রাসা উভয় শিক্ষার ক্ষেত্রে নূন্যতম ৫০ জন শিক্ষার্থী থাকিতে হইবে। হাওর-বাওর পার্বত্য এলাকায় শিথিল যোগ্য। |
| | ২। শুধু বালিকাদের প্রতিষ্ঠানে | ১৮০ জন (শহর এলাকা) ১২০ জন (মফস্বল এলাকা) | ১২০ জন (শহর এলাকা) ৮০ জন (মফস্বল এলাকা) | ২০০ জন (শহর এলাকা) ১৫০ জন (মফস্বল এলাকা) | |
| | ৩। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত | | | ১২০ জন (শহর এলাকা) ১০০ জন (মফস্বল এলাকা) | |
| | খ) মাদ্রাসা শিক্ষা ১। সহশিক্ষা ও শুধু বালক প্রতিষ্ঠানে | | ৩০০ জন (শহর এলাকা) ২৫০ জন (মফস্বল এলাকা) | ৪০০ জন (শহর এলাকা) ৩০০ জন (মফস্বল এলাকা) | দাখিল মাদ্রাসাকে আলীমে উন্নীত করনের জন্য ১১শ-১২শ শ্রেণীতে দাখিল উত্তীর্ণ ১০০ জন শিক্ষার্থী থাকিতে হইবে। |
| | ২। শুধু বালিকাদের মাদ্রাসায় | | ২৫০ জন (শহর এলাকা) ২৫০ জন (মফস্বল এলাকা) | ৩০০ জন (শহর এলাকা) ২৫০ জন (মফস্বল এলাকা) | |

চলমান পাতা-২

| ক্রমিক নং | পূরণীয় শর্ত | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | মাধ্যমিক (৯ম ১০ম) দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | মহাবিদ্যালয় (১১শ-১২শ) আলীম মাদ্রাসা (১ম-১২শ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪। | নিজস্ব জমির পরিমাণ | ০.২০ একর (মেট্রো এলাকা)<br>০.৩০ একর (পৌর এলাকা)<br>০.৫০ একর (মফস্বল এলাকা) | ০.২৫ একর (মেট্রো এলাকা)<br>০.৫০ একর (পৌর এলাকা)<br>০.৭৫ একর (মফস্বল এলাকা) | ০.৫০ একর (মেট্রো এলাকা)<br>০.৭৫ একর (পৌর এলাকা)<br>১.০০ একর মফস্বল এলাকা) | প্রতিষ্ঠানের নামে হস্তান্তর এবং নাম জারী করিতে হইবে। ধর্মীয় ট্রাষ্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জমি প্রতিষ্ঠানের ক্ষেত্রে জমি প্রতিষ্ঠানের নামে বরাদ্দ করিয়া দিতে হইবে। পরবর্তী পর্যায়ে এই জমি অন্য কোন উদ্দেশ্য ব্যবহার করা চলিবে না। মেট্রো এলাকার শিথীলযোগ্য। |
| ৫। | বিদ্যালয় ভবন/নিজস্ব ঘর | ছাত্র প্রতি ১ বঃ মিঃ নুন্যতম ১০০০ বঃ মিঃ পাকা/আধা পাকা/টিনসেড ভবন | ছাত্র প্রতি ১ বঃ মিঃ নুন্যতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধা পাকা/টিনসেড ভবন | ছাত্র প্রতি ১ বঃ মিঃ নুন্যতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধা পাকা/টিনসের্ডে ভবন | প্রতিষ্ঠান প্রধানের জন্য কক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীদের কমন রুম, গ্রন্থাগার, প্রয়োজনীয় শ্রেণী কক্ষ, অফিস কক্ষ, বিজ্ঞানাগার (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিষ্ঠানে থাকিতে হইবে। |
| ৬। | শিক্ষক কর্মচারী সংখ্যা | অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | |
| ৭। | লাইব্রেরীর | ১০০০ বই | ২০০০ বই | ২০০০ বই | স্বতন্ত্র লাইব্রেরী থাকিতে হইবে এবং পাঠ্য সহায়ক বই থাকিতে হইবে। |
| ৮। | তহবিল | টাঃ ৩০,০০০ সংরক্ষিত তহবিল টাঃ ৩০,০০০ সাধারণ তহবিল | টাঃ ৫০,০০০ সংরক্ষিত তহবিল টাঃ ৩০,০০০ সাধারণ তহবিল | টাঃ ১,০০,,০০০ সংরক্ষিত তহবিল টাঃ ৫০,০০০ সাধারণ তহবিল | সংরক্ষিত তহবিলের অর্থে প্রতিরক্ষা সঞ্চয় পত্র ক্রয় করিতে হইবে/স্থায়ী আমানত হিসাবে রাখা যাইবে। |
| ৯। | ব্যক্তির নামে নামকরণ | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা | ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা | |
| ১০। | পাঠ্যক্রম | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরন করিতে হইবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরন করিতে হইবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরন করিতে হইবে। | |
| ১১। | সহপাঠক্রমিক কার্যক্রম | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতি, বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউটিং/গার্ল গাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করিতে হইবে। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতি, বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউটিং/গার্ল গাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করিতে হইবে। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতি, বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউটিং/গার্ল গাইড, পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করিতে হইবে। | |

চলমান পাতা-৩

| ক্রমিক নং | পুরনীয় শর্ত | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | মাধ্যমিক (৯ম ১০ম) দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | মহাবিদ্যালয় (১১শ-১২শ) আলীম মাদ্রাসা (১ম-১২শ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২। | শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে। | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে (বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটি রেগুলেশন-১৯৭৭/মাদ্রাসা সমূহের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি রেগুলেশন ১৯৭৯ অনুযায়ী) | ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত প্রবিধিমালা অনুযায়ী অবশ্যই ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে (বেসরকারী কলেজ ম্যানেজিং কমিটি রেগুলেশন-১৯৭৭/মাদ্রাসা সমূহের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি রেগুলেশন ১৯৭৯ অনুযায়ী) | |
| ১৩। | স্বীকৃতি/রেজিষ্ট্রেশন ফিসঃ | | | | |
| | ক) প্রাথমিক অনুমতি (৩ বছরের জন্য) | ১০০০/- (এক হাজার টাকা) | ২,০০০/- (দুই হাজার) টাকা | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | স্থায়ী স্বীকৃতির পরে প্রতি বৎসর ৪০০/- টাকা হারে সংরক্ষণ ফিস প্রদান করতে হবে। |
| | খ)অস্থায়ী স্বীকৃতি (৫ বছরের জন্য) | ২০০০/- (দুই হাজার) টাকা | ৩,০০০/- (তিন হাজার) টাকা | ৭,০০০/- (সাত হাজার) টাকা | |
| | গ) স্থায়ী স্বীকৃতি | ৩,০০০/- (তিন হাজার) টাকা | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | |

স্বাক্ষরিত/
(এস, এম এবাদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৮৬৩৬৪০-৪৯/৩৯৮৮
তারিখঃ ৫-৫-১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/ ২৮১

তারিখঃ ২৫-০৫-১৯৯৭ইং / ১১-০২-১৪০৪ বাং

## সংশোধনী আদেশ

বিষয়ঃ বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা ।

সূত্রঃ মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শাঃ১১/ বিবিধ-৩৯/৯৬/২৩০(৬০৬) তাং ২৩.০৪.৯৭ ইং ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে উক্ত নীতিমালার 'পরিশিষ্ট-১' এর ৯ অনুচ্ছেদে বর্ণিত ব্যক্তির নামে শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণের জন্য নগদ অর্থ প্রদানের শর্তটি নিম্নোক্তভাবে সংশোধন করা হলো ঃ-

| পূরণীয় শর্ত ঃ | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ( ৬ষ্ঠ -৮ম ) | মাধ্যমিক বিদ্যালয়(১ম-১০ম) দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | মহাবিদ্যালয় (১১শ-১২শ) আলীম মাদ্রাসা(১ম-১২শ) |
|---|---|---|---|
| ব্যক্তির নামে নামকরণ | ৬,০০,০০০/- (ছয় লক্ষ ) টাকা । | ১০,০০,০০০/- ( দশ লক্ষ )টাকা । | ১৫,০০,০০০/- (পনের লক্ষ ) টাকা । |

( এস এম এবাদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ৮৬৩৩৬০-৪৯/৩৯৮৮

বিতরণঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
২। চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/যশোর ও রাজশাহী ।
৩। চেয়ারম্যান, কারিগরী শিক্ষা বোর্ড, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।
৫। চেয়ারম্যান, এন সি টি বি, ঢাকা ।
৬। জেলা প্রশাসক .................................... (সকল )
৭। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর/ব্যানবেইস,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল........................(সকল )
৯। থানা নির্বাহী অফিসার.......................................(সকল ) ।
১০। জেলা শিক্ষা অফিসার.......................................(সকল) ।

নং শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/ ২৮১(৭০০)

তারিখঃ ২৫-০৫-১৯৯৭ইং / ১১-০২-১৪০৪ বাং

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ-

(১) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(২) সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৩) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৪) যুগ্ম-সচিব( প্রশাসন/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় , ঢাকা ।
(৫) প্রধান(পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৬) উপ-সচিব( প্রশাসন ও শৃংখলা/অডিট, বাজেট, সমন্বয় ও সংসদ/ বিশ্ববিদ্যালয়/ কলেজ/ কারিগরী ও মাদ্রাসা/ মাধ্যমিক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৭) উপ- প্রধান(পরিকল্পনা-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৮) সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব ( ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫ ও ১৬,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(৯) সিনিয়র তথ্য অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(১০) সহকারী প্রধান-১/২, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
(১১) গবেষণা কর্মকর্তা-১/২/৩/৪ , শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।

( এস এম এবাদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১(মাধ্যমিক-২)

নং-শিম/শাঃ১১/১৬-৭/২০০৯/১০২৪ তারিখঃ ১৬/ ০৯/২০০৯ইং

# পরিপত্র

বিষয়ঃ জাতীয় নেতৃবৃন্দের নামে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) নং-শিম/শাঃ ১১/বিবিধ-৩৯/৯৬/৬৭৯, তারিখঃ ২৬.১১.৯৭
(২) নং-শাঃ ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিক্ষা, তারিখঃ ১০/০৪/২০০১

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(স্কুল, কলেজ, মাদ্রাসা) জাতির জনক ও অন্যান্য প্রয়াত ও জীবিত জাতীয় নেতাদের নামে নামকরণে উদ্যোক্তাদের মধ্যে আগ্রহ লক্ষ্য করা যায়। এ ক্ষেত্রে বিদ্যমান নীতিমালায় কোন দিক নির্দেশনা নেই। বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ, চার জাতীয় নেতা, মুক্তিযুদ্ধের সাতজন বীরশ্রেষ্ঠ, অমর একুশের ভাষা শহীদ এবং জাতীয়ভাবে স্বীকৃত জাতীয় নেতৃবৃন্দের নামে শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষাপূর্বক সরকার প্রধানের অনুমোদনের জন্য পেশ করবে। সরকার প্রধানের অনুমতিক্রমে এরূপ নামকরণ করা যাবে। এরূপ ক্ষেত্রে ব্যক্তিনামে নামকরণের জন্য কোন অর্থ প্রদান প্রয়োজন হবে না।

০২। উপরি-উক্ত ব্যতিক্রম ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান ব্যক্তিনামে নামকরণের জন্য অর্থ প্রদান ও ব্যয় সংক্রান্ত সূত্রের স্মারকদ্বয় যথারীতি কার্যকর থাকবে।

স্বাক্ষরিত/-, তারিখঃ ১৬/০৯/২০০৯
(সৈয়দ আতাউর রহমান)
সচিব

নং-শিম/শাঃ১১/১৬-৭/২০০৯/১০২৪(৭) তারিখঃ ১৬ /০৯/২০০৯ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর,শিক্ষা ভবন,ঢাকা (বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা/রাজশাহী/সিলেট/ বরিশাল / কুমিল্লা/যশোর/ দিনাজপুর/সিলেট।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
০৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
০৭। সিস্টেম এনালিস্ট,শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

(শেখ মোমেনা মনি)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৪ (মাদ্রাসা)

নং শিম/শাঃ১৪/স্বীকৃতি (কমিটি)-১১/২০১০/৬১৮

তারিখঃ ১৫ পৌষ ১৪১৭
২৯ ডিসেম্বর ২০১০

# পরিপত্র

**বিষয় ঃ মাদ্রাসা স্থাপনের ক্ষেত্রে নিজস্ব ন্যূনতম অখন্ড জমির পরিমাণ পুনঃনির্ধারণ।**

দেশের মফস্বল এলাকায় কৃষি জমি রক্ষার্থে এবং পৌর ও মেট্রোপলিটন এলাকায় ভূমির উচ্চ মূল্য, দুষ্প্রাপ্যতার কারণে মাদ্রাসা স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম অখন্ড জমির পরিমাণ হ্রাস করা অপরিহার্য হয়ে পড়েছে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ে গঠিত "মাদ্রাসার পাঠদান, স্বীকৃতি, শাখা খোলাসহ ইত্যাদি বিষয়ে নীতিমালা ২০০৬" সংশোধন সংক্রান্ত কমিটির ২১/১০/২০১০ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে বিগত ২৩/০৪/৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩১/৯৬/২৬০(৬০৬) সংখ্যক নির্দেশমালার পরিশিষ্ট-১ এর শুধুমাত্র ৪নং ক্রমিক সংশোধন করে জমির পরিমাণ নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হ'ল-

| ক্রমিক নং | এলাকার নাম | মাদ্রাসার শ্রেণী | বর্তমান নীতিমালা অনুযায়ী ন্যূনতম জমির পরিমান | পুনঃ নির্ধারিত জমির পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মেট্রোপলিটন এলাকা | দাখিল | ০.২৫ একর | ০.২৫ একর | |
| | | আলিম | ০.৫০ একর | ০.৪০ একর | |
| ২. | পৌর এলাকা | দাখিল | ০.৫০ একর | ০.৪৫ একর | |
| | | আলিম | ০.৭৫ একর | ০.৬০ একর | |
| ৩. | মফস্বল এলাকা | দাখিল | ০.৭৫ একর | ০.৬০ একর | |
| | | আলিম | ১.০০ একর | ০.৮০ একর | |

এ পরিপত্র জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
২৭/১২/২০১০
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশিবাজার, ঢাকা (এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপ-সচিব (কারিগরি-২), শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (কারিগরি ও মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস নথি।

(মুহাম্মদ নজরুল ইসলাম)
উপ-সচিব (মাদ্রাসা)
☎ ৭১৬৪৭৫০



শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১১

[redacted]নং ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৭(৮০৫)-শিক্ষা, তারিখ : ১০/০৪/২০০১

# প্রজ্ঞাপন

বেসরকারী উদ্যোগে ব্যক্তি নামে শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল , কলেজ , মাদ্রাসা ) প্রতিষ্ঠা করার জন্য নিম্নে বর্ণিত বিবরণ অনুযায়ী প্রতিষ্ঠানের তহবিলে নগদ অর্থ জমা প্রদানের নিয়ম রয়েছে। তবে এ ক্ষেত্রে অর্থ ব্যয়ের পদ্ধতি সম্পর্কে কিছু উল্লেখ নেই। বিষয়টি বিবেচনাক্রমে সরকার এ বিষয়ে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রদেয় অর্থ প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা করতে হবে। উক্ত অর্থের তহবিলটি (১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি / গভর্ণিং বডির সভাপতি এবং (২) জেলা শিক্ষা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এ অর্থ প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে। তবে অর্থ উত্তোলনের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মসূচী মহাপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

| পূরণীয় শর্ত | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ( ৬ষ্ঠ-৮ম) | মাধ্যমিক বিদ্যালয় (৯ম-১০ম), দাখিল মাদ্রাসা (১ম-১০ম) | মহাবিদ্যালয় (১১শ-১২ ), আলীম মাদ্রাসা (১১শ-১২) |
|---|---|---|---|
| ব্যক্তিনামে নামকরণ | ৬,০০,০০০/- ( ছয় লক্ষ টাকা ) | ১০,০০,০০০/- ( দশ লক্ষ টাকা ) | ১৫,০০,০০০/- ( পনর লক্ষ টাকা ) |

২। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার ক্ষেত্রে নীতিমালা অন্যান্য সকল শর্ত বলবৎ থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
১০/৪/২০০১
( মোঃ সাবের হোসেন )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৮৬১৩৬৫০-৫৯/৩৯৮৮

বিতরণ ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট।
৩। চেয়ারম্যান, কারিগরী শিক্ষা বোর্ড, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকসীবাজার, ঢাকা।
৫। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড, এনসিটিবি ভবন, ৬৯-৭০, মতিঝিল বা/এ , ঢাকা।
৬। জেলা প্রশাসক ( সকল ), ---------------------------------------------------- ।
৭। পরিচালক , পরিদর্শন ও নীরিক্ষা অধিদপ্তর , ৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। পরিচালক, ব্যানবেইস, ১নং এশিয়ান মহাসড়ক, পলাশী, নীলক্ষেত , ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার ( সকল ), ------------------------------------------ ।
১০। জেলা শিক্ষা অফিসার (সকল) , ----------------------------------------------------- ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

স্মারক নং-শিম/শা:১১/বিবিধ-৩৯/৯৬/

তারিখ: ৩১ ডিসেম্বর ২০১২ খ্রিস্টাব্দ
১৭ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠান ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে নগদ অর্থের ব্যাংক হিসাব পরিচালনা সম্পর্কিত প্রজ্ঞাপনের সঠিকতা ও কার্যকারিতা সম্পর্কে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/মঞ্জুরী/বিবিধ-২৬/২০০১/৩৫৯, তারিখ : ১৭.১২.২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা" ১৯৯৭ এর আলোকে জারিকৃত প্রজ্ঞাপন শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিক্ষা, তারিখ : ১০.০৪.২০০১ এর সঠিকতা ও কার্যকারিতা বিদ্যমান।

তবে "বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা" ১৯৯৭ সংশোধনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে, যার প্রতিবেদনের আলোকে শ্রীঘ্রই এতে সংশোধনী আনা হতে পারে এমন সম্ভবনা রয়েছে।

(এ জেড এম নূরুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১ (অফিস)
ই-মেইল ঃ sas_sec2@moedu.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

